

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রতিষ্ঠান ব্যবস্থাপনা শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৫৫-আইন/২০১৪ —গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর ধারা ৩৪, ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্রামীণ ব্যাংক (পরিচালক নির্বাচন) বিধিমালা, ২০১৪ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়—

- (ক) বিধি ৫ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বিধিমালা প্রবর্তনের ০৬(ছয়) মাসের” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “বিধিমালার অধীন কমিশন গঠনের ১(এক) বৎসরের” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৬ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে; যথা :—

“(১) এই বিধিমালার অধীন নির্বাচন অনুষ্ঠানের জন্য সরকার নিম্নবর্ণিত ৩ (তিন) সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করিবে; যথা :—

(ক) অবসরপ্রাপ্ত জেলা জজ—প্রধান নির্বাচন কমিশনার;

(খ) রাষ্ট্রীয় মালিকানাধীন কোন বাণিজ্যিক ব্যাংকে কর্মরত একজন উপ-ব্যবস্থাপনা পরিচালক—কমিশনার; এবং

(গ) পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত ফাউন্ডেশনে কর্মরত একজন উপ-ব্যবস্থাপনা পরিচালক—কমিশনার।”;

(১৯৩৭৩)

মূল্য : টাকা ৪.০০

- (গ) বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “বাংলাদেশ ব্যাংক” শব্দগুলির পরিবর্তে “কোন তফসিলী ব্যাংকে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ৯ এর শর্তাংশে উল্লিখিত “বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে” শব্দগুলির পরিবর্তে “কোন তফসিলী ব্যাংকে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২। এই প্রজ্ঞাপন ২০ আশ্বিন, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৫ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. এম আসলাম আলম
সচিব।